

২৫

অর্ধ যুগের ধারাবাহিকতার অবসান

এসএসসি ও দাখিলে সবদিকেই ছেলেরা এগিয়ে

মহাজাহান তত্ত : এসএসসি ও দাখিল পরীক্ষায় পাসের হারের ক্ষেত্রে এবার অর্ধ যুগের ধারাবাহিকতার অবসান হয়েছে। পাসের হার এবং মোট জিপিএ-৫ অর্জনের দিক থেকে এবছর ছেলেরা এগিয়ে গেছে। মেয়েদের চেয়ে ছেলেরা জিপিএ-৫ পেয়েছে প্রায় দ্বিগুণসংখ্যক। ফলে

মাধ্যমিক পরীক্ষায় গত ছয় বছরের রেকর্ড ভঙ্গ হয়েছে এবার। কোন বোর্ডেই মেয়েরা ছেলেরদের ধরতে পারেনি। ফল বিশেষণে দেখা যায়, গত ছয় বছরের মধ্যে ছেলেদের পাসের হার এবার সর্বোচ্চ। সব মিলিয়ে এসএসসি ও দাখিল পরীক্ষায়

ছেলেরা এগিয়ে

এই বছর পূর্বার পর

এবার পাসের হার শতকরা ৫৮.৩৬। ছেলেদের হার শতকরা ৬০.৮৫। এর আগের পাঁচ বছরে এগিয়ে থাকার নেয়েদের পাসের হার ছিল যথাক্রমে ৫৯.৭৫, ৫০.৯৪, ৪৬.৯৯, ৩০.৮৮, ৩৯.২৬ শতাংশ।

মাদ্রাসা বোর্ডে ছেলেরা সবচেয়ে ভালো করেছে এ বছর। মাদ্রাসা বোর্ডে ছেলেদের পাসের হার শতকরা ৭০.২৩ ভাগ। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৬০.৪৪ ভাগ। যশোর বোর্ডে আবারও ফলাফলের দিক থেকে ঐতিহ্য ফিরিয়ে এনেছে। এসএসসির সাত বোর্ডের মধ্যে মোট পাসের হার এবং ছেলেদের পাসের হারে শীর্ষে রয়েছে যশোর বোর্ড। এ বোর্ডে ছেলেদের পাসের হার শতকরা ৬২.৮৫ ভাগ। অন্যদিকে শতকরা ৫৮.৫৬ জন মেয়ে পাস করেছে।

ঢাকা বোর্ডে ছেলেদের মধ্যে এবার শতকরা ৬২.১৬ ভাগ পরীক্ষার্থী পাস করেছে। যাতে মেয়েদের পাসের হার ৫৯.৩২ ভাগ। রাজশাহী শিক্ষা বোর্ডে মোট পাসের হার ৫৯.১৮ ভাগ। যাতে ছেলেদের মধ্যে ৬১.৬৭ ভাগ পরীক্ষার্থী পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৫৬.৩৯ ভাগ। চট্টগ্রাম বোর্ডে ছেলেদের মধ্যে এবার শতকরা ৬০.০৮ ভাগ পরীক্ষার্থী পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার শতকরা ৫৫.৭৬ জন। বরিশাল বোর্ডে ছেলেদের পাসের হার ৫২.৪০ ভাগ। এ বোর্ডে মেয়েদের পাসের হার শতকরা ৪৮.৮৮ ভাগ।

কুমিল্লা বোর্ডে ছেলেদের পাসের হার শতকরা ৫১.৮২ ভাগ। এ বোর্ডে মেয়েদের পাসের হার শতকরা ৪১.৬৭ জন। করিগরি শিক্ষা বোর্ডে ছেলেদের পাসের হার শতকরা ৫১.৩২ ভাগ। এ বোর্ডে ৫০.৫১ ভাগ মেয়ে পাস করেছে। সিলেট বোর্ডে মোট পরীক্ষার্থীর মধ্যে এবার ৫০.২৮ ভাগ মেয়ে পাস করেছে। অপরদিকে মেয়েদের পাসের হার শতকরা ৪৪.৫৪ ভাগ। পাসের হারের সর্বনিম্ন থেকে পিছিয়ে রয়েছে সিলেট বোর্ড।

জিপিএ-৫ অর্জনের দিক থেকে ছেলেরা এবার মেয়েদের ছাড়িয়ে গেছে প্রায় দ্বিগুণ। গত ছয় বছরের মধ্যে এবার সর্বোচ্চ ৩২,৬৪৬ জন পরীক্ষার্থী এসএসসিতে জিপিএ-৫ পেয়েছে। এ সংখ্যা গতবার ছিল ৯৮২২ জন। মোট জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ২০,৭৫৯ জন ছাত্র এবং ১১,৮৮৭ ছাত্রী।

বোর্ডেয়ারী জিপিএ-৫ অর্জনের দিক দিয়ে এগিয়ে হয়েছে ঢাকা বোর্ড। এ বোর্ডে এবার ৯,৪৩৯ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে। তাদের মধ্যে ছাত্রের সংখ্যা ৫,১৯২, অপরদিকে ৪,২৪৭ জন ছাত্রী জিপিএ-৫ লাভ করেছে। জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে বিতীয় স্থানে রয়েছে রাজশাহী বোর্ড। এ বোর্ডে এবার সর্বমোট ৬,৯১০ জন ছাত্র-ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে। যাদের মধ্যে ছাত্রের সংখ্যা ৪,৪৪৭, অপরদিকে ২,৪৬৩ জন ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে। জিপিএ-৫ পাওয়ার দিক থেকে মাদ্রাসা বোর্ড রয়েছে তৃতীয় স্থানে। এ বোর্ডে এবার সর্বমোট ৬,৮৮৯ জন ছাত্র-ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে। যাদের মধ্যে সিংহভাগই ছাত্র। মোট ৫,৩৮১ ছাত্র এবং ১,৫০৮ জন ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে। চট্টগ্রাম বোর্ডে মোট ৩,৩১৩ ছাত্র-ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। যাদের মধ্যে ১,৮২০ জন ছাত্র এবং ১,৪৯৩ জন ছাত্রী। কুমিল্লা বোর্ড থেকে এবার ২,৩৮৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ লাভ করেছে। জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছাত্রের সংখ্যা ১,৫৯২ এবং ছাত্রী ৭৯৫ জন। যশোর বোর্ডে ২,৩২৯ জন জিপিএ-৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রীর মধ্যে ছাত্র ১,৪৮৭ জন এবং ছাত্রীর সংখ্যা ৮৪২ জন। সিলেট শিক্ষা বোর্ডে এবার জিপিএ-৫ পেয়েছে ৭১৩ জন ছাত্র-ছাত্রী। যাদের মধ্যে ছাত্র ৪৩০ জন এবং ছাত্রী ২৮৩ জন। বরিশাল বোর্ডে জিপিএ-৫ পাওয়া ৬৪১ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৩৯৭ জন ছাত্র এবং ২৪৪ জন ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে। করিগরি শিক্ষা বোর্ডে এবার জিপিএ-৫ পাওয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা সবচেয়ে কম। মোট ২৫ জন জিপিএ-৫ অর্জনকারী ছাত্র-ছাত্রীর মধ্যে ১৩ জন ছাত্র এবং ১২ জন ছাত্রী জিপিএ-৫ অর্জন করেছে।

এক নজরে বিভিন্ন বোর্ডের পাস হার

বোর্ডের নাম	পাসের হার	ছাত্র	ছাত্রী	জিপিএ ৫	ছাত্র	ছাত্রী
ঢাকা	৬০.৮১	৬২.১৬	৫৯.৩২	৯,৪৩৯	৫,১৯২	৪,২৪৭
কুমিল্লা	৪৬.৮৩	৫১.৮২	৪১.৬৭	২,৩৮৭	১,৫৯২	৭৯৫
রাজশাহী	৫৯.১৮	৬১.৬৭	৫৬.৩৯	৬,৯১০	৪,৪৪৭	২,৪৬৩
যশোর	৬০.৮৭	৬২.৮৫	৫৮.৫৬	২,৩২৯	১,৪৮৭	৮৪২
সিলেট	৪৭.২৭	৫০.২৮	৪৪.৫৪	৭১৩	৪৩০	২৮৩
বরিশাল	৫০.৬৭	৫২.৪০	৪৮.৮৮	৬৪১	৩৯৭	২৪৪
চট্টগ্রাম	৫৭.৯৪	৬০.০৮	৫৫.৭৬	৩,৩১৩	১,৮২০	১,৪৯৩
মাদ্রাসা বোর্ড	৬৫.৮৭	৭০.২৩	৬০.৪৪	৬,৮৮৯	৫,৩৮১	১,৫০৮
করিগরি বোর্ড	৫১.০৮	৫১.৩২	৫০.৫১	২৫	১৩	১২
সর্বমোট	৫৮.৩৬	৬০.৮৫	৫৫.৪৭	৩২,৬৪৬	২০,৭৫৯	১১,৮৮৭